নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
বেগমগঞ্জ, নোয়াখালী
প্রশাসন বিভাগ
gm.noa.pbs@gmail.com

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৭.১২.৭৫০৭.৫৩১.০১.০৩৮.১৯.৯৫

বিষয়ঃ বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র (পরিশোধিত) সরবরাহের নিমিত্তে রিকোয়েষ্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান প্রসঙ্গে।

দরপত্র নং-৫৫/২০২৩-২৪

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি এর জন্য কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল পরিশোধ এর প্রত্যয়নপত্র (পরিশোধিত) সরবরাহের নিমিত্তে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (RFQ) এর মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক নিম্নবর্ণিত শর্তানুযায়ী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

-

ক্রঃ নং	মালামালের বিবরন	পরিমাণ	একক মূল্য (সকল প্রকার করসহ)	মোট মূল্য (সকল প্রকার করসহ)
০১.	বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র (পরিশোধিত) এর স্পেসিফিকেশন: ক) কাগজঃ বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র (পরিশোধিত) সমূহ চলমান কাগজে (continuous Paper) তৈরী করতে হবে। চলমান বিল পৃষ্ঠার বামের ও ডানের ট্রাক্টারের ছিদ্র সমুহ একটি ষ্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী করতে হবে এবং উক্ত ছিদ্র সমূহ স্টার পাঞ্চ (star punch) দ্বারা তৈরী করতে হবে; যাহাতে ছিদ্র সমূহে কোন ডাষ্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে। ব্যবহৃত কাগজের মান ও সাইজ ৭০ GSM উন্নত মানের অফসেট (সাদা) চলমান কাগজে (Continous Paper) দ্বারা তৈরী করতে হবে। সাইজ ১১.০০"×৯.৫" (পারপুরেশন ব্যতীত ১১"×৮.৫") (Size Letter) হবে। খ) মুদ্রনে ব্যবহৃত কালিঃ কর্তৃপক্ষের অনুমোদিত নমুনা ফরমেট অনুযায়ী উন্নত মানের অফসেট কালি দ্বারা হুবহু প্রিন্টিং ও সরবরাহ করতে হবে। অপর পৃষ্ঠায় ফরমের পাদদেশে সরবরাহকারী / মুদ্রন প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মূদ্রিত থাকবে। গ) ডেলিভারী প্যাকিং: প্রতিটি প্যাকেটে ২০০০ শীট থাকবে। ২০০০ শীটে ৪০০০ টি সনদ হবে (এক বক্স = ২ × ২০০০)। প্যাকিং ব্যতীত মুদ্রিত ও ছিদ্রযুক্ত (continuous Paper এর ক্ষেত্রে) ২০০০ শীটের ন্যুনতম ওজন ৯.৩৩ কেজি (সর্বনিম্ন) হবে।	২,৮০,০০০ (দুই লক্ষ আশি হাজার) শীট (১৪০ বক্স)		
			সর্বমোট:	

-

কথায়ঃ ----------।

দরপত্র গ্রহন ও খোলার স্থান এবং সময়সূচি

দরপত্র গ্রহন ও খোলার স্থান	সময়সূচি		
ক) সদর দপ্তর, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী	দরপত্র গ্রহনের শেষ তারিখ, বার ও সময়	:	১৯ মার্চ ২০২৪ খ্রিঃ রোজ মঙ্গলবার বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত।
খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা।	দরপত্র খোলার তারিখ, বার ও সময়	:	১৯ মার্চ ২০২৪ খ্রিঃ রোজ মঙ্গলবার বেলা ১২:০৫ ঘটিকা পর্যন্ত।

-

-

-

শর্তাবলী:

-

০১। আগ্রহী দরদাতাকে অত্র পবিসের প্রশাসন বিভাগের সহিত যোগাযোগ করে সংরক্ষিত নমুনা অনুযায়ী দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো। নমুনা যাচাই ব্যতীত অযাচিতভাবে দরপত্র দাখিল না করার জন্য অনুরোধ করা হলো।

০২। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স,আয়কর সনদ,ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ এবং ব্যাংক সলভেন্সী সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৩। দরপত্র খামের উপর স্পষ্ট করে **"কম্পিউটারাইজড্ বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র (পরিশোধিত)"** সরবরাহের দরপত্র কথাটি লিখতে হবে।

০৪। সর্বনিম্ন সফল দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্তির পর অত্র পবিসের এজিএম (প্রশাসন) হতে সংগ্রহীত বিবরণ অনুযায়ী নমুনা প্রত্যয়ন পূর্বক মালামাল সরবরাহ করতে হবে।

০৫ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির পর ১০ (দশ) দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।

০৬। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে স্পেসিফিকেশান মোতাবেক মালামালসমূহ নিজ খরচে সমিতির সদর দপ্তর বেগমগঞ্জ, নোয়াখালী এ পৌঁছাতে হবে।

০৭। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমান কম বা বেশি করার ক্ষমতা পবিস কর্তৃক সংরক্ষিত।

০৮। নির্ধারিত সময়ে মালামাল সরবরাহ করণের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৯। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট/ উৎস কর কর্তন করা হবে।

১০। নির্ধারিত সময়ে মালামাল সরবরাহ করিতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% এর ১/১০ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনকৃত জরিমানার মোট চুক্তি মূল্যের ১০%(১০শতাংশ) এর অধিক হবে না।

১১। দরপত্রে উল্লেখিত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার করা দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১২। কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র বা দরপত্রের অংশ বিশেষ বাতিল বা গ্রহন করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৩। বর্নিত শর্ত সমূহে কোন বিষয় উল্লেখ না থাকলে সেই বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

১৪-০৩-২০২৪
মোঃ জাকির হোসেন
জেনারেল ম্যানেজার

নম্বর: ২৭.১২.৭৫০৭.৫৩১.০১.০৩৮.১৯.৯৫/১ (৭)

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।;

২। জেলা প্রশাসক, নোয়াখালী।;

৩। পুলিশ সুপার, নোয়াখালী।;

৪। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, নোয়াখালী;

৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪;

৬। এজিএম (আইটি-১), আইটি বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি এবং

৭। অফিস কপি/মাষ্টার কপি।

১৪-০৩-২০২৪
মোঃ জাকির হোসেন
জেনারেল ম্যানেজার